



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ
Northern Electricity Supply
Company Ltd.



(An enterprise of Bangladesh Power
Development Board)

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী-৬০০০

নম্বর ২৭.২৯.০০০০.০১১.১১.০২৫.১৯.১৯১

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৮

১৯ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিঃ এ বিভিন্ন পদে নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষার মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) লিঃ এ বিভিন্ন পদে নিয়োগের নিমিত্ত সূত্র নং ২৭.২৯.০০০০.০১১.১১.০০৭.২০-১১৪ তারিখঃ ০৬/০৭/২০২১ খ্রিঃ মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী গত ৩১/১২/২০২১ খ্রিঃ অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ হতে বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার রোল নম্বর অনুযায়ী বিস্তারিত সময়সূচি পর্যায়ক্রমে নেসকো লিঃ এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র (ভাইভা কার্ড) নেসকো লিঃ এর নিয়োগ সংক্রান্ত ওয়েব পোর্টাল <https://career.nesco.gov.bd> হতে ডাউনলোড করে প্রিন্টেড কপিসহ নির্ধারিত তারিখ ও সময়ে স্বাস্থ্যবিধি মেনে মৌখিক পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি এবং প্রার্থীদের অনলাইন আবেদনে পূরণকৃত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে অবশ্যই জমা প্রদান করতে হবেঃ

ক) মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র (ভাইভা কার্ড) এর রঙিন প্রিন্টকপি;

খ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর মূল কপি ও ০১ সেট সত্যায়িত ফটোকপি;

ঘ) আবেদনে উল্লেখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সম্প্রতি ইস্যুকৃত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি;

ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়তশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব বিদ্যুৎ সংস্থা বা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বিভাগীয় অনাপত্তিপত্র (NOC) এর মূলকপি ও সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

চ) জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি;

বিশেষ দৃষ্টব্যঃ

১) বর্ণিত কাগজপত্রাদিতে বা চাহিত যোগ্যতার কোনরূপ ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জাল/নকল সনদ প্রদান, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয়, যে কোন ধরনের তদবির এবং প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

২) যেকোনো নোটিশ প্রদান ব্যতিরেকেই নেসকো কর্তৃপক্ষ মৌখিক পরীক্ষা পরিবর্তন/বাতিল এবং সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা রাখে।

১৯-২-২০২২

মোঃ মখলেসুর রহমান

উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০১৭০৯৯৯৬৭৪৭

ইমেইল: hr.admin@nesco.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১) চেয়ারম্যান, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

২) ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ

৩) সকল নির্বাহী পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ

৪) সকল প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ

৫) উপ-মহাব্যবস্থাপক (বিলিং অ্যান্ড ইআরপি) (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ
[রিট্রুটমেন্ট প্যানেলে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ]

৬) ব্যবস্থাপক (ডাটা সেন্টার), আইসিটি শাখা, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ [নেসকোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৭) ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ